

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা  
<http://www.dwa.gov.bd>

**বিষয়ঃ স্বেচ্ছাসেবী মহিলা সমিতির মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের অনুদান বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।**

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২৩-২০২৪ অর্থবছরের অনুদান (সাধারণ বিশেষ ও স্বেচ্ছাধীন) বিতরণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

**১। সাধারণ অনুদান:**

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত যে সকল সমিতির নিবন্ধনকাল ৩০/১১/২০২৩ তারিখে কমপক্ষে ২ বছর পূর্ণ হবে এইরূপ স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন অনুদানের জন্য আবেদন করতে পারবে। আবেদন করতে ইচ্ছুক সমিতি সংশ্লিষ্ট জেলার উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে আবেদনপত্র সংগ্রহ করতে পারবে। এছাড়া অনুদানের আবেদন ফরম মহিলা বিষয়ক অধিদপ্তরের website হতে ডাউনলোড করা যাবে।

ক) প্রতিটি স্বেচ্ছাসেবী মহিলা সমিতিকে ৩ কপি নির্ধারিত আবেদন ফরম পূরণ করে স্থানীয় জনপ্রতিনিধির সুপারিশ গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজ পত্র সহ আগামী ৩০/০৯/২০২৩ তারিখের মধ্যে উপপরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র ও তথ্যাদি সংযুক্ত করতে হবে।

- ১) রেজিস্ট্রেশন ও নবায়ন কার্ডের সত্যায়িত অনুলিপি;
- ২) সমবায়/সরকার অনুমোদিত অডিট ফর্ম কর্তৃক সম্পাদিত হাল নাগাদ অডিট রিপোর্ট ৩০/০৬/২০২৩ পর্যন্ত পূর্ববর্তী ২ বছর);
- ৩) সংস্থার বর্তমান ও ভবিষ্যত কর্মসূচি;
- ৪) নাম, পদবী ও ভোটার আইডি কার্ড/জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপিসহ কার্যকরী কমিটির তালিকা;
- ৫) সাধারণ পরিষদ কর্তৃক অনুমোদিত চলতি অর্থ বছরের বাজেট।
- ৬) ২০২১-২০২২ অর্থবছরের অনুদানের অর্থ (যদি পেয়ে থাকে) কি কাজে ব্যবহার করা হয়েছে তার বিবরণ;
- ৭) চলতি অর্থবছরের অনুদানের অর্থ কি কাজে ব্যবহার করা হবে তার বিবরণ এবং আবেদন ফরমে চাহিত অন্যান্য কাগজপত্র।

খ) অডিট রিপোর্ট ব্যাংক হিসাব নং, ৩০/০৬/২০২৩ তারিখে ব্যাংক স্থিতি, মোট সদস্য সংখ্যা, চাঁদা, সঞ্চয় এবং ঋণের অর্থের পরিমাণ (যদি ঋণ কার্যক্রম থাকে), বিতরণ, আদায় এবং খেলাপী ঋণের পরিমাণ পৃথক পৃথক ভাবে উল্লেখ করতে হবে।

গ) উপজেলা পর্যায়ে গৃহিত আবেদনপত্রসমূহ উপজেলা কমিটির সুপারিশসহ ৩১/১০/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।

ঘ) উপজেলা হতে এবং জেলায় প্রাপ্ত আবেদনপত্রসমূহ জেলা কমিটির মাধ্যমে যাচাইবাছাইপূর্বক সমিতির কার্যক্রমের মানের ভিত্তিতে খুব ভাল ‘ক’, ভাল ‘খ’ এবং মোটামুটি ‘গ’ শ্রেণিবিণ্যাস করত: সমিত সমূহের তথ্যাদি উপজেলা ওয়ারী ধারাবাহিক ভাবে এবং ক্রমিকানুসারে নির্ধারিত ছকে (নাম, ঠিকানা, তারিখসহ রেজিস্ট্রেশন নম্বর ও আবেদনে সুপারিশকারীর নাম, পদবীসহ) সমন্বিত করে ১ প্রস্থ তালিকা (১ প্রস্থ আবেদনপত্রসহ) ৩০/১১/২০২৩ তারিখের মধ্যে সদর কার্যালয়ে পৌঁছাতে হবে।

**২। বিশেষ অনুদান:**


বিশেষ অনুদানের জন্য সাধারণ অনুদানের নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম জেলা কমিটির মাধ্যমে যাচাইবাছাইপূর্বক সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে। বিশেষ অনুদানের ক্ষেত্রেও সাধারণ অনুদান প্রাপ্তির সকল যোগ্যতা ও শর্তাবলী প্রযোজ্য।

বিশেষ অনুদানের জন্য প্রতি উপজেলা হতে কমপক্ষে ২টি সমিতির আবেদন গ্রহণপূর্বক জেলা কমিটির মাধ্যমে যাচাইবাছাই পূর্বক ভালমানের ৫(পাঁচ)টি সমিতির নাম প্রস্তাবপূর্বক ১ প্রস্থ তালিকা ও ১ প্রস্থ আবেদনপত্রসহ প্রেরণ করতে হবে।

**৩। স্বেচ্ছাধীন অনুদান:**

সমিতি হিসেবে নিবন্ধনের মেয়াদকাল কমপক্ষে ১(এক)বৎসর পূর্ণ হতে হবে। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের স্বেচ্ছাধীন তহবিল হতে অনুদান প্রাপ্তির জন্য সমিতির নিজস্ব প্যাডে আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে রেজিস্ট্রেশন ও নবায়ন কার্ডের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। আবেদনপত্র মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/সংসদ সদস্য/জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপপরিচালক/স্থানীয় জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যানের সুপারিশসহ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে সমিতির তথ্যাদি সংক্রান্ত “নির্ধারিত ছক” সঠিকভাবে পূরণ না করা হলে, তথ্যাদি গোপন করলে বা ভুল তথ্য দিলে এবং ৩০/১১/২০২৩ তারিখের পরে কোন আবেদনপত্র জমা দিলে তা গ্রহণযোগ্য হবে না।



(সেয়দা রোকেয়া জেসমিন)

উপপরিচালক(রেজিস্ট্রেশন ও জনসংযোগ)  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।